মেহেরপুরে হুইল চেয়ার ও অনুদানের চেক বিতরণ

জাতীয় সমাজ কল্যাণ পরিষদ ও জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ২০২২-২০২৩ অর্থবছরের আর্থিক অনুদানের চেক ও সহায়ক উপকরণ বিতরণ করা হয়।

বুধবার দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ভার্চ্যুয়ালি উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক ফজলে রাব্বি, পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য, বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম।

অনুষ্ঠানে সমাজ কল্যাণ পরিষদের উদ্যোগে ৮৯ জনকে ৪ লক্ষ ৭ হাজার ৫০০ টাকার চেক, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র থেকে ৭৫টি, জেলা সমাজসেবা কল্যাণ কমিটি থেকে ২০টি এবং মেহেরপুর জেলা প্রশাসনের পক্ষ থেকে ২টিসহ মোট ৯৭টি হুইল চেয়ার বিতরণ করা হয়। এছাড়া প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র থেকে ৮টি এবং জেলা সমাজসেবা থেকে ৬টি মোট ১৪ টি হিয়ারিং এইড প্রদান করা হয়।

হুইল চেয়ার পেয়ে সদর উপজেলার নবিছদ্দিন সরকারের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বলেন, প্রতিবন্ধী হয়ে এখন আর কারো মুখোপেক্ষী হয়ে থাকতে হবে। নিজের ছোটখাটো কাজ গুলো নিজেই করতো পারবো।

মেহেরপুর শহর সমাজ সেবার নবনির্বাচিত কমিটি এবং দক্ষতা

উন্নয়ন প্রশিক্ষনার্থীদের অভিষেক

মেহেরপুর শহর সমাজ সেবা কার্যালয়ের নবনির্বাচিত সমন্বয় পরিষদ এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের ৩১তম ব্যাচের প্রশিক্ষনার্থীদের অভিষেক, নবীন বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

বুধবার বিকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীতে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর সমাজ সেবা কার্যালয়ের সহকারী পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বীর সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শহর সমন্বয় পরিষদের সভাপতি মোঃ আমিনুল ইসলাম খোকন, সহ-সভাপতি রাহিনুরজামান পলেন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ জেলা শাখার আহবায়ক প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, আইন বিষযক সম্পাদক অ্যাড.পল্লব ভট্টাচার্য্য, দপ্তর সম্পাদক মোখলেসুর রহমান, সহ প্রচার সম্পাদক শাশ্বত নিপ্পন।
অনুষ্ঠানে নবীনদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়।

অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন শহর সমাজসেবা কর্মকর্তা।